



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-৩৬.১৬.০০০০.০০৯.২৫.০০১.১৮-৬২৯

তারিখঃ ২৭.০৯.২০১৮খ্রিঃ


## অফিস আদেশ

আগামী ৩০ সেপ্টেম্বর ২০১৮/ ১৫ আশ্বিন ১৪২৫, রবিবার, সরকারি শারীরিক শিক্ষা কলেজ, রাজশাহীতে ৪৭তম গ্রীষ্মকালীন জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর এ, কে, এম, ছায়েফ উল্যা মহোদয় উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। উল্লেখ্য, উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মাননীয় প্রতিমন্ত্রী জনাব কাজী কেরামত আলী এম.পি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের মাননীয় সচিব জনাব মোঃ সোহরাব হোসাইন এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের মাননীয় সচিব জনাব মোঃ আলমগীর।


এমতাবস্থায় চেয়ারম্যান মহোদয় আগামী ২৯/০৯/২০১৮খ্রিঃ রোজ শনিবার বিমানযোগে রাজশাহীর উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং অনুষ্ঠান শেষে ৩০/০৯/২০১৮খ্রিঃ রোজ রবিবার বিমানযোগে ঢাকায় প্রত্যাগমন করবেন।

বিধি মোতাবেক তিনি টিএ/ডিএ প্রাপ্য হবেন। বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
27.9.18

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার

  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

### বিতরণ- কার্যার্থে ও জ্ঞাতার্থেঃ

১. জেলা প্রশাসক, রাজশাহী।
২. পুলিশ সুপার, রাজশাহী।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. জেলা শিক্ষা অফিসার, রাজশাহী।
৬. হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা। (তাকে পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)
৮. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. অফিস কপি।